



## পায়রা বন্দর কর্তৃপক্ষ

আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০

ইমেইল: [payraport@ppa.gov.bd](mailto:payraport@ppa.gov.bd)

টেলি ফ্যাক্স: ০২-৯৮৯১৭৫

১৭ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

### পায়রা বন্দরে প্রথম কয়লাবাহী জাহাজ আগমন উপলক্ষ্যে প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের তৃতীয় সমুদ্র বন্দর পায়রা অত্যন্ত সম্মাননাময় একটি বন্দর। Fast Track ভুক্ত এই বন্দরকে পুর্ণাঙ্গ সুবিধাসহ একটি আধুনিক বন্দর হিসেবে গড়ে তুলতে সরকার ইতোমধ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এই বন্দর পুরোপুরি চালু হলে দক্ষিণাঞ্চলসহ সারাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। গত ১৩/০৮/২০১৬ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পায়রা বন্দরের মুরিং পয়েন্টে শীপ টু শীপ লাইটারেজের মাধ্যমে আংশিক অপারেশনাল কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধন লগ (১৩ আগস্ট, ২০১৬ খ্রিঃ) হতে এখন পর্যন্ত মোট ৩০ টি বিদেশী পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ বন্দরে আগমন করেছে।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৯/২০১৯ খ্রিঃ কয়লাবাহী প্রথম জাহাজ পায়রা বন্দরে আগমন করবে। “MV. XIN HAI TONG-8” নামক হংকং এর পতাকাবাহী জাহাজটি ইন্দোনেশিয়ার বালিকপানান বন্দর থেকে প্রায় ২০,০০০.০০ মে. টন কয়লা নিয়ে পায়রা বন্দরে আসবে। পটুয়াখালীতে অবস্থিত কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র BCPCL এর বিদ্যুৎ উৎপাদনের কাজে এই কয়লা ব্যবহার করা হবে। অক্টোবর, ২০১৯ থেকে প্রতিদিন BCPCL এর একটি করে কয়লাবাহী জাহাজ বন্দরে আসবে। এছাড়া অন্যান্য বন্দর ব্যবহারকারীদের জাহাজ আনয়নের ধারাও অব্যাহত থাকবে। পাশাপশি পায়রা বন্দরের জন্য সরকারী অর্থায়নে প্রথম টার্মিনাল নির্মাণের কার্যক্রম চলছে। কোরিয়ান পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক জেটি, টার্মিনাল, সংযোগ সড়ক এবং আন্তরামানিক নদীর উপর সেতু নির্মাণের কার্যক্রম চলছে। এছাড়াও একটি কয়লা টার্মিনাল নির্মাণের প্রকল্প (পিপিপি পদ্ধতিতে) অনুমোদনের চূড়ান্ত পর্যায়ে বয়েছে। এই দুটি টার্মিনাল নির্মাণসহ ক্যাপিটাল ড্রেজিং শেষে ২০২২ সাল নাগাদ পায়রা পুর্ণাঙ্গ সমুদ্র বন্দর হিসেবে আত্মপ্রকাশ করবে। এরই ধারাবাহীকরণ দেশের তৃতীয় সমুদ্র বন্দর পায়রা দিনে দিনে ব্যস্ততম বন্দরের রূপ নিবে।

ধন্যবাদসহ

আজিজুর রহমান

উপ-পরিচালক (পরিবহন)

পায়রা বন্দর কর্তৃপক্ষ

মোবাইল নম্বরঃ ০১৭১৪৫৯০৫০৫